

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৬, ২০২২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২১ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-৬২-আইন/২০২২।—ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি আইন, ২০১০ (২০১০ সনের ১০ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, সরকারের পূর্বানুমোদনক্রমে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের —

(ক) ক্রমিক নং ৩ ও উহার বিপরীতে কলাম (২), (৩), (৪), ও (৫) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৩ক ও এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“৩ক। উর্ধ্বতন হিসাবরক্ষণ ৩৫ বৎসর কর্মকর্তা	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অনূন্য ৬ (ছয়) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।
--	--	--

(৭০৯৫)

মূল্য : টাকা ৪.০০



উচ্চশিক্ষা



সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত ফিন্যান্স বা হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাকত (সম্মান) বা সমমানের ডিগ্রি;

(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যান্য ২ (দুই) টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ);

তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং

(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।”;

(খ) ক্রমিক নং ৭ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত “হিসাব কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “হিসাবরক্ষণ কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

ইনস্টিটিউটের আদেশক্রমে

ড. মো. সলিমুল্লাহ

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd